আলমডাঙ্গা মাসকলাই বীজ ও রাসায়নিক সার বিতরণ

আলমডাঙ্গায় মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা কৃষি দপ্তরের উদ্যোগে মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ দুপুরে কৃষি অফিস কার্যালয় প্রাঙ্গণে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা কৃষি অফিসার রেহেনা পারভিনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম। তিনি বলেন, ‍”মানব দেহে পুষ্টি সাধনে ডালের গুরুত্ব অপরিসীম।মাসকলাই দেহের প্রোটিন ও ফ্যাটের চাহিদা মেটাতে সাহায্য করে। তাই আমাদের জনবহুল দেশে মাসকলাই সহ অনান্য ডালের চাষে কৃষকদের উৎসাহিত করতে আমাদের এই প্রয়াস।”

এছাড়াও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রানী সম্পদ কর্মকর্তা জেড এম মাহমুদউল্লাহ, প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দিন, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, মহিলা বিষয়ক কর্মকর্তা,মাকসুরা জান্নাত,ইনেস্ট্রাক্টর জামাল হোসেন, যুব উন্নয়ন কর্মকর্তা আলাউদ্দিন আলী,তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস,উপ-সহকারি কৃষি কর্মকর্তা মঞ্জুর রহমান, আহসানুল হক শাহীন প্রমুখ।

২ ঘণ্টার অভিযানে মালয়েশিয়ায় প্রায় ৪০০ বাংলাদেশি গ্রেপ্তার

মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে বড়সড় অভিযান চালিয়েছে অভিবাসন বিভাগ। গতকাল মঙ্গলবার দিবাগত মধ্যরাতে চালানো এই অভিযানে ৩৯৬

বাংলাদেশিসহ ৭৭০ জন অনিবন্ধিত অভিবাসীকে গ্রেপ্তার করা হয়েছে। দেশটির গণমাধ্যম দ্য স্ট্রেইটস টাইমসের এক প্রতিবেদনে এ তথ্য দেওয়া হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, রাজধানীর বুকিত বিনতাং এলাকায় সাঁড়াশি অভিযান চালানো হয়। এ সময় দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশের শত শত অভিবাসী টেবিলের নিচে লুকিয়ে, দোকানের ভেতরে আশ্রয় নিয়ে কিংবা ছাদে উঠে পালানোর ব্যর্থ চেষ্টা করেন। মাত্র দুই ঘণ্টার অভিযানে গ্রেপ্তার করা হয় ৭৭০ জনকে।

ইমিগ্রেশন এনফোর্সমেন্টের পরিচালক বসরি ওসমান জানান, গ্রেপ্তারদের মধ্যে ২ নারীসহ ৩৯৬ জন বাংলাদেশি নাগরিক। বাকিদের মধ্যে ২৩৫ জন মিয়ানমার, ৭২ জন নেপাল, ৫৮ জন ভারত ও ১৭ জন ইন্দোনেশিয়ার নাগরিক। এ ছাড়া বিভিন্ন দেশের আরো ৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

তিনি বলেন, এদের বেশির ভাগকেই অনুমতির অতিরিক্ত সময় ধরে থাকা, বৈধ পরিচয়পত্র বহন না করা এবং অনুমতি ছাড়া কাজ করার মতো অপরাধে গ্রেপ্তার করা হয়েছে। এদের অনেকেই তাদের নিজ দেশে দারিদ্র্য ও বেকারত্ব থেকে বাঁচতে মালয়েশিয়ায় এসেছিলেন।

বাসরি ওসমান বলেন, বুকিত বিনতাং অনেক দিন ধরেই অনিবন্ধিত অভিবাসীদের হটস্পট। নাইটলাইফ ও শহরের কেন্দ্রস্থলে অবস্থানের কারণে অনিবন্ধিত শ্রমিকদের জন্য এটি আকর্ষণীয় হয়ে উঠেছে। আমরা তিন সপ্তাহ ধরে পর্যবেক্ষণ চালানোর পর অভিযান পরিচালনা করি।

সূত্র: কালের কন্ঠ

প্রবাসীর মৃত্যুদেহ পৌছালো

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

শিক্ষাই জাতির মেরুদণ্ড এই চেতনায় ইয়ুথ ফোরাম ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের উদ্যোগে ঝরে পড়া রোধ এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে মেহেরপুর সদর উপজেলার আমদহ ও আমঝুপি ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ের কিছু দরিদ্র কিন্তু মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ ও স্কুল ইউনিফর্ম বিতরণ করা হয়েছে।

অনুষ্ঠানে হোম ভিজিটের মাধ্যমে শিক্ষার্থী ও অভিভাবকদের হাতে তুলে দেওয়া হয় স্কুল ব্যাগ, খাতা ও স্কুল ইউনিফর্ম। আয়োজকরা জানান আর্থিক অসুবিধা যেন কোনো শিক্ষার্থীর শিক্ষার পথে অন্তরায় না হয়, সেটিই তাদের এই কার্যক্রমের মূল উদ্দেশ্য।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যবৃন্দ, ইয়ুথ ফোরামের তরুণ সমাজসেবীরা, ইউনিয়ন পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ ও জনপ্রতিনিধিগণ। তাঁরা সবাই এই উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন এটি শুধু শিক্ষার্থীদের উপকৃত করবে না, বরং অভিভাবক ও সমাজকেও শিক্ষা সম্পর্কে আরও সচেতন করবে।

উপকরণ পেয়ে শিক্ষার্থীরা আনন্দে উচ্ছ্বসিত হয়ে জানায়, তারা পড়াশোনায় আরও মনোযোগী হবে এবং একদিন সমাজ ও দেশের জন্য বড় কিছু করতে চায়। অভিভাবকরা আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বক্তারা বলেন শিক্ষার আলো সবার জন্য উন্মুক্ত করা আমাদের নৈতিক দায়িত্ব। যদি সমাজের প্রতিটি মানুষ সামান্য করে এগিয়ে আসে, তবে কোনো শিশুই শিক্ষার অধিকার থেকে বঞ্চিত হবে না।

এই মহৎ আয়োজনকে সফল করতে সকলে একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং ওয়াচ গ্রুপ, ইয়ুথ ফোরাম ও স্থানীয় জনপ্রতিনিধিরা জানান তাদের এই কার্যক্রম ভবিষ্যতেও চলমান থাকবে। কারণ—শিক্ষিত প্রজন্মই পারে সমাজ ও দেশকে এগিয়ে নিতে, আর প্রতিটি শিশুর হাতে কলম তুলে দেওয়া আমাদের সবার দায়িত্ব।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অনুষ্ঠানের আয়োজন করে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আবেগঘন পরিবেশে বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে।

গতকাল বুধবার দুপুরে জেলা শিক্ষা অফিসের হলরুমে এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথিকে ক্রেস্ট ও ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন শিক্ষকবৃন্দ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিদায়ী জেলা শিক্ষা অফিসার হযরত আলী।

এসময় উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত শিক্ষা অফিসার আব্দুর রহিম, নজরুল শিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম, হাতিভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শফিকুল ইসলাম, সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, কান্দেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম, মমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল জব্বার, শালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল আওয়াল প্রমুখ।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন পিরোজপুর দাখিল মাদ্রাসার সুপার আসাদুজ্জামান। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষক সমিতির সভাপতি ইসরাইল হোসেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন আবুল কালাম আজাদ, মোহাম্মদ আশরাফুজ্জামান, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম, আবুল কাশেমসহ অনেকে। পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এস এম ফয়জুল কবির।

বক্তারা বিদায়ী জেলা শিক্ষা অফিসার হযরত আলীর শিক্ষা উন্নয়নে অবদানের কথা স্মরণ করেন এবং তাঁর সুস্থ, সুন্দর ও সফল জীবনের জন্য শুভকামনা জানান।

[redacted]

[redacted]

[redacted]

[

বাড়িতে জ্বালানি সংকট ও পানের বরজে বেড়া দেবেন এজন্য তিনি পাটের আঁশ ছড়াতে এসেছেন, বিনিময়ে পাটকাঠি সংগ্রহ করছেন।

হাফেজা খাতুন নামের আরেক নারী বলেন, পাট কাঠি আমাদের দৈনন্দিন জীবনে নানান কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এজন্য গ্রামের প্রতিটি বাড়িতে পাটকাঠি সংগ্রহ করতে দেখা যায়। তাই তিনি পাট থেকে আঁশ ছাড়ানোর বিনিময়ে পাটকাঠি সংগ্রহ করতে এসেছেন।

বৈডাঙ্গা গ্রামের শহিদুল ইসলাম বলেন, আমি ৪ টি জাগ দিয়েছি সব জায়গায় পাটের আঁশ ছাড়াতে মহিলারা কাজ করছেন যাদের কাজের বিনিময়ে দেওয়া হবে পাটকাঠি। এতে করে পাট চাষে বিনিয়োগকৃত অর্থ অনেকটাই উঠে আসছে বলেও জানান তিনি। এছাড়া পান বরজের জন্য চড়া দামে পান চাষিরা কিনছেন পাটকাঠি।

পাটের আঁশ ছাড়াতে অর্থের বিপরীতে পাটকাঠি দিচ্ছেন কেন এমন পশ্নের জবাবে বাদ পুকুরিয়া গ্রামের তোয়াজ আলী বলেন, পাট চাষের ব্যয় লাঘব করতে পাটের আঁশ ছাড়াতে আসা কৃষাণীদের অর্থ না দিয়ে পাটকাঠি দেওয়া হচ্ছে। সরেজমিনগিয়ে দেখা যায়, যেখানেই পাট জাগ দেওয়া হয়েছে সেখানেই ভিড় জমাচ্ছেন বিভিন্ন এলাকার গৃহিণীরা।

চেয়ে নিচ্ছেন পাট, ছাড়িয়ে দিচ্ছেন আঁশ বিনিময়ে নিচ্ছেন পাট কাঠি। দেখে মনে হচ্ছে, পাট কাঠি চাষিদের কাছে বোঝা হলেও তাদের গৃহিণীদের কাছে বেশ দামি।

এ বছর পর্যাপ্ত বৃষ্টিপাত হওয়ায় নদী, খাল-বিলেই পাট জাগ দিয়ে পাটের রং ভালো হওয়ার পাশাপাশি পাটকাঠির মানও ভালো হয়েছে।

এদিকে, সদর উপজেলার বিভিন্ন গ্রামাঞ্চল থেকে পাটকাঠি ব্যবসায়ীরা চাষিদের কাছ থেকে স্বল্প মূল্যে পাটকাঠি ক্রয় করে ভ্যান যোগে পার্শ্ববর্তী শহরে নিয়ে বিক্রি করছেন চড়া দামে। এমনই একজন পাটকাঠি ব্যবসায়ী সাহেব আলী বলেন, এখন পাটকাঠি বিক্রির মৌসুম। তাই আমরা পাটচাষিদের কাছ থেকে ৫০-৬০ টাকা আটি দরে প্রতি আটি কিনে শহরে গিয়ে ১০০ থেকে ১৫০ টাকা করে বিক্রি করছি। এতে করে ভ্যানপ্রতি আমাদের ২ থেকে ৩হাজার টাকা আয় হয়।

ঝিনাইদহ জেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, এবছর জেলার ৬টি উপজেলায় ২০,২২৯ হেক্টর জমিতে পাটের আবাদ করা হয়েছে। গত বছরে ২১৪৪৬ হেক্টর জমিতে পাটের আবাদ করা হয়েছিল। পচাঁনোর সময় ভোগান্তি, শ্রমের মূল্য অধিক এবং ভালো দাম না পাওয়া এবং রোগের

আক্রমণে নিরুৎসাহিত হয়ে এবছর ১২১৭ হেক্টর কম জমিতে আবাদ করা হয়েছে।

ঝিনাইদহ সদর উপজেলায় গতবছর ৫০৬২ হেক্টর জমিতে আবাদ করা হয়েছিল এবার ৪৮১০ হেক্টর জমিতে আবাদ করা হয়েছে। শৈলকুপায় গতবছর ৮৪৭৭ হেক্টর জমিতে, এবছর ৭৭৯৮ হেক্টর জমিতে, কালীগঞ্জ উপজেলায় গতবছর ৭১০ হেক্টর এবছর ৬৬৫ হেক্টর জমিতে, কোটচাঁদপুরে গতবছর ৪১৫ হেক্টর এবছর ৩৫৪ হেক্টর জমিতে, মহেশপুরে গতবছর ৪০৭০ হেক্টর জমিতে এবছর ৩৮৯০ হেক্টর জমিতে পাটের আবাদ করা হয়েছে। তবে হরিণাকুণ্ডু উপজেলায় গত বছর ও এই বছর সমান ২৭১২ হেক্টর জমিতে পাটের আবাদ করা হয়েছে।

এবছর ফলন ভাল হয়েছে হেক্টর প্রতি ১৫ বেল পাট উৎপাদন হয়েছে বলে জানান চাষিরা। পাটকাঠির এত চাহিদা কারণ কি -এমন প্রশ্নের জবাবে কৃষিবিদ ষষ্টি চন্দ্র রায় বলেন, পাট এমন একটি কৃষিপণ্য যার কোনো অংশই অব্যবহার্য থাকে না।

তাই পাটচাষ বৃদ্ধি পেলে পাটকাঠি অবশ্যই কৃষকদের বিনিয়োগকৃত অর্থ উপার্জন পূর্বক অতিরিক্ত অর্থ আয়ের গুরুত্বপূর্ণ একটি উৎস হতে পারে।

কৃষি অধিদপ্তর ঝিনাইদহের উপপরিচালক কৃষিবিদ ষষ্টি চন্দ্র রায় বলেন, পাট চাষিদের জন্য একটি অর্থকরি ফসল এবছর পাটের রং ভাল আসছে এবং যেখানে সেখানে পানি থাকায় কৃষকরা সহজেই পাট জাগ দিতে পারছে। পাটের আঁশের সঙ্গে পাটকাঠিও কৃষকদের আর্থিক সুবিধা দিতে পারে। এ ছাড়াও পাটকাঠি আর্থিক চাহিদা পূরণের পাশাপাশি কৃষকদের নানাবিধ কাজে লাগে। তাই পাট জাগ দেওয়ার ব্যাপারে প্রথম থেকে শেষপর্যন্ত পাটের রং ও পাটকাঠির মানের বিষয়ে নজর রাখা প্রয়োজন।

মেহেরপুরে ১২২ মোবাইল ও ১০

লাখ টাকা ফিরিয়ে দিল পুলিশ

মেহেরপুরে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের অভিযানে উদ্ধার হওয়া ১২২টি মোবাইল ফোন এবং মোবাইল ব্যাংকিং প্রতারণার মাধ্যমে হাতিয়ে নেওয়া অর্থ প্রকৃত মালিকদের কাছে ফেরত দেওয়া হয়েছে।

সোমবার (২৫ আগস্ট) বেলা ১১টার দিকে জেলা পুলিশ সুপারের কার্যালয় প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে এসব মোবাইল ও টাকা মালিকদের হাতে হস্তান্তর করা হয়।

এসময় “পুলিশই জনতা, জনতাই পুলিশ” প্রতিপাদ্যে কমিউনিটি পুলিশিং বিষয়ে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন পুলিশ সুপার মাকসুদা আখতার খানম। এছাড়া উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ ও প্রশাসন) জামিরুল রহমান খান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আব্দুল করিম, ডিবির ওসি গোপালসহ পুলিশের অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তা।

জানা গেছে, চলতি বছরের জুন ও জুলাই মাসে জেলার তিন থানায় অভিযান চালিয়ে এসব মোবাইল ফোন ও নগদ টাকা উদ্ধার করা হয়। এর মধ্যে সদর থানা থেকে ৪১টি, গাংনী থানা থেকে ৬৪টি এবং মুজিবনগর থানা থেকে ১৭টি মোবাইল ফোন উদ্ধার করা হয়। পাশাপাশি প্রতারণার মাধ্যমে আত্মসাৎকৃত ৯ লাখ ১৭ হাজার টাকা এবং ভুলক্রমে অন্যের অ্যাকাউন্টে চলে যাওয়া ১ লাখ ১ হাজার ৩০০ টাকা উদ্ধার করে প্রকৃত মালিকদের ফেরত দেওয়া হয়।

সব মিলিয়ে ১২২টি মোবাইল ফোন এবং ১০ লাখ ১৮ হাজার ৩০০ টাকা মালিকদের হাতে হস্তান্তর করে মেহেরপুর জেলা পুলিশ।

মতবিনিময় সভায় বক্তারা বলেন, সাইবার ক্রাইম প্রতিরোধে জনগণকে আরও সচেতন হতে হবে। প্রতারণা বা চুরির ঘটনা ঘটলে দ্রুত পুলিশকে অবহিত করলে উদ্ধার কাজ সহজ হয়। পুলিশের প্রতি জনগণের আস্থা বজায় রাখাই এই কার্যক্রমের মূল লক্ষ্য।

মেহেরপুরে জিসান স্মৃতি ক্লাবের ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের মল্লিকপাড়ায় জিসান স্মৃতি ক্লাবের উদ্যোগে একদিনব্যাপী জিসান স্মৃতি ক্লাব ফুটবল টুর্নামেন্ট ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার দিনব্যাপী মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে এই টুর্নামেন্টের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম। টুর্নামেন্টের সভাপতিত্ব করেন, মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও জিসান স্মৃতি ক্লাবের সভাপতি মোঃ মেহেদী হাসান রোলেক্স।

দিনব্যাপী এই প্রতিযোগিতায় ১৬টি দল অংশগ্রহণ করে। ফাইনাল খেলায় মুখোমুখি হয় কুষ্টিয়া ফ্যামিলি ফুটবল একাদশ ও কুষ্টিয়া শান্তি সংঘ ক্লাব। জমজমাট খেলায় কুষ্টিয়া শান্তি সংঘ ক্লাব বিজয়ী হয়।

পরে, অতিথিদের হাত দিয়ে বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার জন্মবার্ষিকী আলোচনা সভা

মুজিবনগরে বিএনপি’র চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার ৮০তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত নয়টার সময় উপজেলার কেদারগঞ্জ বাজারের মোল্লা মার্কেটে অবস্থিত উপজেলা বিএনপি’র কার্যালয়ে এই আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা ও দোয়া মাহফিলে জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক ও বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সভাপতি মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মাসুদ অরুন।

আলোচনা ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সাবেক সহ-সভাপতি মজনু মিয়া, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী, উপজেলা কৃষকদলের সিনিয়র সহ সভাপতি ও সাবেক মেম্বার রমজান আলী, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলি, সাধারণ সম্পাদক কুন্নুত আলী, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজিরসহ উপজেলা বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।